খালেদা জিয়ার দুই মামলার চার্জ শুনানি পেছাল

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে ১৫ আগস্ট ভুয়া জন্মদিন পালন ও যুদ্ধাপরাধীদের মদদ দেওয়ার অভিযোগে মানহানির দুই মামলায় চার্জ গঠনের শুনানি পিছিয়েছে। সোমবার মামলা দুটির চার্জ শুনানির জন্য ধার্য ছিল। তবে খালেদা জিয়ার পক্ষে তার আইনজীবীরা শুনানি পেছানোর আবেদন করলে ঢাকা মহানগর হাকিম আমিনুল হক আগামী ৫ আগস্ট শুনানির দিন ধার্য করেন। কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাভবনে স্থাপিত অস্থায়ী আদালতে মামলা দুটির বিচারকাজ চলছে।

২০১৬ সালের ৩০ আগস্ট ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাবেক এক নেতা ভুয়া জন্মদিন পালনের অভিযোগে খালেদা জিয়ার বিরুদ্ধে প্রথম মামলাটি করেন। আর স্বীকৃত স্বাধীনতাবিরোধীদের গাড়িতে জাতীয় পতাকা তুলে দিয়ে দেশের মানচিত্র এবং জাতীয় পতাকার মানহানির অভিযোগে একই বছরের ৩ নভেম্বর আদালতে অপর মামলাটি করেন বাংলাদেশ জননেত্রী পরিষদের সভাপতি এবি সিদ্দিকী।